

## পরীক্ষা

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের আবেদনের সময় বৃদ্ধি

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৭ মার্চ ২০২৫, ১২: ২৬



জাতীয় বিশ্ববিদ্যালয় ছবি : সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণের সময় বেড়েছে। বর্ধিত সূচি অনুযায়ী ৯ থেকে ১৬ মার্চ পর্যন্ত পরীক্ষার্থীরা আবেদন ফরম পূরণ করতে পারবেন।

বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ডেটা এন্ট্রি ও নিশ্চয়ন ১৭ থেকে ১৮ মার্চ পর্যন্ত চলবে। সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ১৯ থেকে ২০ মার্চ বিকেল ৪টার মধ্যে।

